# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪০৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. প্রথম অনুচ্ছেদ - খুতবাহ্ ও সালাত

بَابُ الْخُطْبَةِ وَالصَّلَاةِ

আরবী

وَعَنْ يَعْلَى بْنِ أُمَيَّةَ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ عَلَى الْمِنْبَرِ: (وَنَادَوْا يَا مَالك لِيَقْضِ علينا رَبك)

বাংলা

১৪০৮-[৮] ইয়া’লা ইবনু উমাইয়্যাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মিম্বারে উঠে কুরআনের এ আয়াত পাঠ করতে শুনেছিঃ ’’জাহান্নামীরা (জাহান্নামের দারোগাকে) ডেকে বলবে, হে মালিক! (তুমি বলো) তোমার রব যেন আমাদের মৃত্যু ঘটিয়ে দেন’’- (সূরাহ্ আয্ যুখরুফ ৪৩: ৭৭)। অর্থাৎ তিনি খুতবায় জাহান্নামের ভয়াবহতার কথা উল্লেখ করতেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩২৩০, মুসলিম ৮৭১, আত্ তিরমিযী ৫০৮, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৭৮০, শারহুস্ সুন্নাহ্ ১০৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে উল্লেখিত আয়াতে কারীমার অর্থ হলো কাফিররা জাহান্নামে দারোয়ানকে বলবে, তোমাদের প্রতিপালকের কাছে আমাদের ওপর নির্ধারিত ফায়সালা সম্পর্কে জিজ্ঞেস কর, তারা বলবে এটা অধিক কষ্টের..... তাদের জবাবে বলা হবে, তোমরা চিরস্থায়ী। এখানে তাদের প্রতি এক ধরনের বিদ্রূপ প্রমাণ আলোচ্য হাদীসে প্রমাণিত হচ্ছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55968

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন